

# এক মাসে অন্তর্বর্তী সরকারের কাজ

হাবিব রহমান

ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে ৫ আগস্ট পদত্যাগ করে ভারতে পালিয়ে যান সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর তিন দিন পর ৮ আগস্ট শান্তিতে নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকার গঠিত হয়।

কয়েক দফায় প্রধান উপদেষ্টাসহ এ সরকারের উপদেষ্টার সংখ্যা দাঁড়িয়েছে ২১। উপদেষ্টামণ্ডলীতে রয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দুই সমন্বয়ক নাহিদ ইসলাম ও আসিফ মাহমুদ। এ ছাড়া প্রধান উপদেষ্টার দুজন বিশেষ সহকারী, একজন আন্তর্জাতিকবিষয়ক বিশেষ দূত আছেন।

এক মাসে সরকার বিভিন্ন ক্ষেত্রে কিছু সিদ্ধান্ত নিয়েছে, কিছু পদক্ষেপও নিয়েছে। উল্লেখযোগ্য বিষয়গুলো হলো:

## আর্থিক খাতে শৃঙ্খলা ফেরানো ও দুর্নীতি দমন

এক মাসে ১০টি ব্যাংক ও একটি আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। এর মধ্যে নয়টির মালিকানা ছিল এস আলম গ্রুপের।

সাবেক মন্ত্রী, সংসদ সদস্য ও আওয়ামীপন্থী ব্যবসায়ী, পুলিশ ও সেনা কর্মকর্তাদের অনেকের ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে। ডলারের দাম আরও বাজারভিত্তিক করা হয়েছে। মোবাইলে আর্থিক সেবা নগদের পরিচালনা ও ব্যবস্থাপনা পর্ষদ বাতিল করে প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। প্রশাসক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে সাবেক প্রধানমন্ত্রীর বেসরকারি বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমানের মালিকানাধীন বেক্সিমকো গ্রুপেও।

শেয়ারবাজারে বেক্সিমকো, লা মেরিডিয়ান হোটেলসহ ১২ প্রতিষ্ঠানের অনিয়ম-দুর্নীতি তদন্তে কমিটি গঠন করা হয়েছে। বেক্সিমকো গ্রুপ, এস আলম গ্রুপ ও চৌধুরী নাফিজ সরাফাতের বিরুদ্ধে অর্থ পাচারে অভিযোগ অনুসন্ধান করছে সিআইডি।

আওয়ামী সরকারের প্রভাবশালীদের বিষয়ে অনুসন্ধান শুরু করেছে দুদক। বিদ্যমান অর্থনৈতিক অবস্থার ওপর অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্যের নেতৃত্বে শ্বেতপত্র প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকে নতুন গভর্নর নিয়োগ দেওয়া হয়েছে।

## রাজনীতি

৬ আগস্ট বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে নির্বাহী আদেশে মুক্তি দেওয়া হয়েছে। ২৮ আগস্ট জামায়াতে ইসলামী ও এর অঙ্গসংগঠনকে নিষিদ্ধ করে জারি করা প্রজ্ঞাপন বাতিল করা হয়েছে। ৫ সেপ্টেম্বর সরকারের পক্ষ থেকে বলা হয়, বিচার শেষ না হওয়া পর্যন্ত ফ্যাসিবাদী দল আওয়ামী লীগ ও ১৪ দলীয় জোট পুনর্বাসনের সুযোগ পাবে না।

## আইনশৃঙ্খলা

গণআন্দোলনে হতাহতের ঘটনায় সাবেক মন্ত্রী, উপদেষ্টা, সংসদ সদস্য, পুলিশ কর্মকর্তাসহ ২৪ জন গ্রেপ্তার হয়েছেন। আন্দোলনের সময় অস্ত্র উদ্ধারে ৪ সেপ্টেম্বর থেকে বিশেষ অভিযান শুরু করেছে যৌথ বাহিনী। লাইসেন্স করা অস্ত্র ফেরত জমা দেওয়ার নোটিশ দেওয়া হয়েছে।

## মানবাধিকার

১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ছাত্র-জনতার আন্দোলন দমন করতে যেসব ফৌজদারি মামলা

হয়েছে, সেগুলো প্রত্যাহারের সিদ্ধান্ত হয়েছে। সন্ত্রাস দমন আইন এবং সাইবার নিরাপত্তা আইনে করা মিথ্যা ও হয়রানিমূলক মামলাগুলো দ্রুত প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। ছাত্র-জনতার আন্দোলনে নিহতের ঘটনা জাতিসংঘের মাধ্যমে তদন্তের সিদ্ধান্ত হয়েছে। এব্যাপারে ইতিমধ্যে জাতিসংঘের একটি তদন্ত দল ঢাকা ঘুরেও গেছে।

আর গুমের ঘটনা তদন্তে কমিশন গঠিত হয়েছে। গুমবিরোধী আন্তর্জাতিক সনদে স্বাক্ষর করেছে বাংলাদেশ। এনিয়ে এই সনদে স্বাক্ষর করা দেশের সংখ্যা দাড়িয়েছে ৭৬।

ছাত্র-জনতার অভ্যুত্থানে অংশ নিয়ে যারা হতাহত হয়েছেন, তাদের পরিবারের সদস্যদের দেখভালের জন্য সরকার একটি ফাউন্ডেশন গঠনের সিদ্ধান্ত নিয়েছে। সংযুক্ত আরব আমিরাতে বিক্ষোভের ঘটনায় সাজাপ্রাপ্ত ৫৭ বাংলাদেশির সবাইকে আমিরাতের প্রেসিডেন্ট ক্ষমা করে দেন। প্রধান উপদেষ্টা ড. ইউনূসের অনুরোধে এই ক্ষমা করার কথা জানিয়েছে সরকার।

## প্রশাসন ও স্থানীয় সরকার

১৯ আগস্ট সব উপজেলা পরিষদের চেয়ারম্যান, জেলা পরিষদের চেয়ারম্যান, সিটি করপোরেশন ও পৌরসভার মেয়রদের অপসারণ করে প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। ১২ আগস্ট বিভিন্ন পদে থাকা চুক্তিভিত্তিক সব নিয়োগ বাতিলের সিদ্ধান্ত নিয়েছে সরকার। পরে তা কার্যকর করা হয়। আবার প্রশাসনে নতুন করে চুক্তিভিত্তিতে নিয়োগও দেওয়া হয়েছে।

গত ১ সেপ্টেম্বর সব সরকারি কর্মচারীকে সম্পদের হিসাব দিতে হবে এমন সিদ্ধান্ত নিয়েছে সরকার। জনপ্রশাসন ও পুলিশের শীর্ষ পদগুলোতে পরিবর্তন এসেছে। উপসচিব, যুগ্ম সচিব ও অতিরিক্ত সচিব পদে পদোন্নতি দেওয়া হয়েছে। ২৫ জন ডিসিকে প্রত্যাহার করে নতুন করে নিয়োগও দেওয়া হয়েছে।

## নির্বাহী আদেশ ও সিদ্ধান্ত

৫ সেপ্টেম্বর গণভবনকে 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর' করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। ২৯ আগস্ট 'জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা (রহিতকরণ) অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়া অনুমোদন দিয়েছে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ। এর ফলে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বঙ্গবন্ধু পরিবারের সদস্যরা বিশেষ নিরাপত্তাসুবিধা পাবেন না।

১৩ আগস্ট উপদেষ্টা পরিষদের বৈঠকে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের সাধারণ ছুটি বাতিল করা হয়েছে। ৪ সেপ্টেম্বর সরকারি অর্থে প্রতিষ্ঠিত রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বা স্থাপনার নামকরণের বিষয়ে আইনি কাঠামো ঠিক করতে উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। একই দিনে সরকারের সব পর্যায়ে সংস্কার কর্মসূচি গ্রহণ করতে সচিবদের নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

**দুর্নীতিগ্রস্ত বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ পুনর্গঠন**

**বিচার শেষ না হওয়ার পর্যন্ত রাজনীতি করতে পারবে না আওয়ামী লীগ**

**হয়রানি মামলা প্রত্যাহার ও গুমবিরোধী সনদে স্বাক্ষর**

**৫৭ বাংলাদেশিকে আরব আমিরাতের প্রেসিডেন্টের ক্ষমা**

**গণভবনকে জাদুঘরে রূপান্তরের সিদ্ধান্ত**

**সীমান্ত হত্যার প্রতিবাদ জানিয়ে ভারতকে কূটনৈতিকপত্র**

**নির্বাহী আদেশে গ্যাস-বিদ্যুতের দাম না বাড়ানোর সিদ্ধান্ত**

**বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন উপাচার্য নিয়োগ**

**বিসিবিসহ কয়েকটি ক্রীড়া প্রতিষ্ঠানের শীর্ষদের সরিয়ে নতুন মুখ নিয়োগ**

## সংসদ, আদালত-ইসি

৬ আগস্ট দ্বাদশ জাতীয় সংসদ ভেঙে দেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ২ সেপ্টেম্বর জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী পদত্যাগ করেন। ১০ আগস্ট প্রধান বিচারপতি ওবায়দুল হাসান এবং আপিল বিভাগের পাঁচ বিচারপতি পদত্যাগ করেন। একই দিনে প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ পান হাইকোর্ট বিভাগের বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ।

তার আগে ৮ আগস্ট সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মো. আসাদুজ্জামানকে অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেওয়া হয়। ৫ সেপ্টেম্বর প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়ালের নেতৃত্বাধীন নির্বাচন কমিশন পদত্যাগ করেন।

## পররাষ্ট্র

ভারতের সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে বাংলাদেশি নিহত হওয়ায় কঠোর নয়াদিল্লিকে কঠোর প্রতিবাদ জানিয়েছে ঢাকা। ঢাকার পক্ষ থেকে প্রতিবাদ জানিয়ে একটি কূটনৈতিকপত্র দেওয়া হয়েছে নয়াদিল্লিকে।

এছাড়া রুপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাজ নিয়ে রাশিয়ার উপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা আমলে নিয়ে পদক্ষেপ নিবে ঢাকা। এমন কথা ঢাকায় নিযুক্ত রুশ রাষ্ট্রদূত আলেক্সান্ডার মন্টেটস্কিকে জানিয়ে দিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

## বিদ্যুৎ ও জ্বালানি

সরকার সিদ্ধান্ত নিয়েছে যে বিদ্যুৎ ও গ্যাসের মূল্য নির্ধারণ হবে গণশুনানির মাধ্যমে, নির্বাহী আদেশে নয়। বিদ্যুৎ ও জ্বালানি খাতের চুক্তি পর্যালোচনায় কমিটি গঠন করা হয়েছে। বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০-এর আওতায় নতুন কোনো চুক্তি হবে না।

## স্বাস্থ্য খাত

আন্দোলনে আহত ও নিহত ব্যক্তিদের পরিবারকে সহায়তা দিতে কমিটি করা হয়েছে। স্বাস্থ্যব্যবস্থার বিষয়ভিত্তিক সংস্কার, চিকিৎসাসেবার গুণগত মানোন্নয়ন, স্বাস্থ্যব্যবস্থার কাঠামো শক্তিশালীকরণে ১২ সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠন করে ৩ সেপ্টেম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

## শিক্ষা খাত

বিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ১ সেপ্টেম্বর শিক্ষাক্রম নিয়ে নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এতে মাধ্যমিকে আবারও ফিরছে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা। তবে উচ্চশিক্ষায় স্থবিরতা কাটেনি।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সাত বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দেওয়া হয়েছে। শিক্ষকদের জোর করে পদত্যাগ ও হেনস্তা বন্ধের আহ্বান জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা ওয়াহেদউদ্দিন মাহমুদ। ২০ আগস্ট বাংলাদেশ সচিবালয়ের ভেতরে শিক্ষার্থীদের বিক্ষোভের মুখে এইচএসসি ও সমমানের স্থগিত পরীক্ষাগুলো বাতিল করেছে সরকার।

## পরিবেশ

রামুর সংরক্ষিত বনে বাফুফের টেকনিক্যাল সেন্টার নির্মাণের উদ্যোগ বাতিল করা হয়েছে। দুই মাসের মধ্যে নদীর পূর্ণাঙ্গ তালিকা করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ ছাড়া ৬৪ জেলায় অন্তত ৬৪টি নদী চিহ্নিত করে নদীর অবৈধ দখলদার উচ্ছেদ করতে করার সিদ্ধান্ত হয়েছে।

## ক্রীড়াঙ্গন

২১ আগস্ট বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি পদে পরিবর্তন এসেছে। এদিন বিসিবি সভাপতির পদ ছাড়েন সাবেক মন্ত্রী নাজমুল হাসান। একই দিনে বিসিবির সভাপতি হন জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ফারুক আহমেদ। এ ছাড়া আরও কয়েকটি ক্রীড়া ফেডারেশনের সভাপতিকে সরিয়ে দেওয়া হয়েছে।